গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৮

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ**

বিশ্বায়নের এ যুগে প্রগতিশীল সমাজ গড়ে তোলার লক্ষ্যে নারীর অধিকার, ক্ষমতায়ন ও কর্মবান্ধব পরিবেশ সৃষ্টি অত্যাবশ্যক। রাষ্ট্র ও সমাজের মূল স্রোতধারায় নারীকে সম্পৃক্তকরণসহ শিশুদের উন্নয়ন ও অধিকার প্রতিষ্ঠায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নিরলস কাজ করে যাচ্ছে। বিগত ৩ বছরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ৫ লক্ষ ৬০ হাজার নারীকে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয়েছে। ৩ লক্ষ ৬০ হাজার কর্মজীবী নারীকে ল্যাকটেটিং ভাতা সহায়তা প্রদান করা হয়েছে। ৩১ লক্ষ ১৫ হাজার নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দরিদ্র সীমার নীচে বসবাসকারী ২২ লক্ষ ৫০ হাজার নারীকে ভিজিডি সহায়তা প্রদান করা হয়েছে। ১৪৩০০ জন নারীকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়েছে। ওয়ানষ্টপ ক্রাইসিস সেল ও সেন্টার হতে ২৫৭৭৬ জন নির্যাতিত নারীকে সহায়তা প্রদান করা হয়েছে। কর্মজীবী হোস্টেলের মাধ্যমে ২১৫৪ কর্মজীবী মহিলাকে নিরাপদ আবাসনের ব্যবস্থা করা হয়েছে। মোট ৬৪ টি ডে-কেয়ার সেন্টারের মাধ্যমে প্রতি বছর প্রায় ৩২২৫ জন শিশুকে সেবা প্রদান করা হয়েছে। ইইসিআর প্রকল্পের আওতায় ২০ টি জেলায় ৩০০০০ ঝুকিপূর্ণ শিশু ও কিশোরদের মাসিক মাথাপিছু ২০০০ টাকা করে নগদ আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। কিশোর কিশোরীদের ক্ষমতায়নের জন্য ৫২৯ টি ক্লাব পরিচালনা করা হয়েছে। প্রতি বছর "জয়িতা অন্বেষনে" প্রতিযোগিতার মাধ্যমে প্রতি উপজেলায় ৫ ক্যাটাগরিতে ৫ জন নারীকে "জয়িতা" নির্বাচন ও পুরস্কৃত করা হয়। শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশে সমন্বিত নীতি ২০১৩ প্রণয়ন করা হয়েছে। জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা ২০১৩ প্রণয়ন করা হয়েছে। নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ডিএনএ আইন ২০১৪ প্রণয়ন করা হয়েছে। যৌতুক নিরোধ আইন (খসড়া) ২০১৬ প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

বাল্যবিবাহ, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ, লক্ষ্যভুক্ত সকল দুস্থ নারী ও শিশুকে প্রোগ্রামের অন্তর্ভুক্ত করতে না পারা, কর্মকর্তাদের যুগোপযোগী প্রশিক্ষণের অভাব এবং মাঠ পর্যায়ে কর্মকর্তার অপ্রতুলতা অন্যতম প্রধান সমস্যা। প্রকৃত উপকারভোগী বাছাই এবং নারী উন্নয়নে বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম সমন্বয় সাধন ও সহায়তা প্রদান এ মন্ত্রণালয়ের অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যত পরিকল্পনাঃ**

এ মন্ত্রণালয়ের ভবিষ্যত পরিকল্পনার মধ্যে রয়েছে, (১) লক্ষ্যভুক্ত দুস্থ নারী ও শিশুকে সামাজিক নিরাপত্তা কর্মসূচির অন্তর্ভুক্ত করা, (২) প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ এবং কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি করা, (৩) জাতীয় নারী উন্নয়ন নীতিমালা-২০১১ আলোকে প্রণীত জাতীয় কর্মপরিকল্পনা-২০১৩ বাস্তবায়ন করা, (৪) শিশু উন্নয়ন নীতি-২০১১ আলোকে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, (৫) বাল্যবিবাহ প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, (৬) নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ, (৭) ছিটমহলের লক্ষ্যভুক্ত অধিবাসিদের জীবনমান উন্নয়নের জন্য কার্যক্রম গ্রহণ।

**২০১৬-১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- ১০ লক্ষ নারীকে ভিজিডি সহায়তা প্রদান
- ৫ লক্ষ দরিদ্র ও গর্ভবতী মায়েদের মার্তৃত্বকালীন ভাতা প্রদান
- শহরাঞ্চলে ১ লক্ষ ৮০ হাজার ৩০০ জন কর্মজীবী মহিলাকে ল্যাকটেটিং ভাতা প্রদান
- নারীর ক্ষমতায়নে ১১ লক্ষ ৪৯ হাজার নারীকে প্রশিক্ষণ প্রদান
- ২৩৮৪ জন কর্মজীবী মহিলাকে হোস্টেল সুবিধা প্রদান
- ৩০৫৩ জন কর্মজীবী মহিলাকে শিশুদের দিবাযত্ন সেবা প্রদান
- ২ লক্ষ ৫০ হাজার শিশুর মনন, মেধা ও সাংস্কৃতিক বিকাশ
- ৮১০০ জন নারীকে উদ্যোক্তা হিসেবে তৈরী করা।

## উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

জেন্ডার সমতাভিত্তিক সমাজ ও সুরক্ষিত শিশু।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা এবং নারীর ক্ষমতায়নসহ উন্নয়নের মূলস্রোতধারায় সম্পৃক্তকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. নারী ও শিশুর সামাজিক নিরাপত্তা জোরদারকরণ;
২. নারী ও শিশুর সুরক্ষা, নির্যাতন প্রতিরোধ ও অধিকার প্রতিষ্ঠা;
৩. নারীর ক্ষমতায়ন ও শিশুর বিকাশ এবং
৪. নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ;
২. নারী ও শিশুর সামাজিক ও আইনগত অধিকার সংরক্ষণ;
৩. নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও ক্ষমতায়ন;
৪. নারী উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ;
৫. জাতীয় নারী উন্নয়ন নীতি ও জাতীয় শিশু নীতি বাস্তবায়ন;
৬. নারী ও শিশু অধিকার রক্ষায় সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ;
৭. বেগম রোকেয়া পদক প্রদান;
৮. আন্তর্জাতিক নারী দিবস, জাতীয় শিশু দিবস, বঙ্গমাতার জন্মদিবস, বাল্যবিবাহ প্রতিরোধ দিবস, বিশ্ব শিশু দিবস, শিশু অধিকার সপ্তাহ ও কন্যাশিশু দিবস উদযাপন এবং
৯. স্বেচ্ছাসেবী মহিলা সংস্থাসমূহ নিবন্ধন ও নিয়ন্ত্রন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সামগ্রিক উন্নয়নে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি | জাতীয় সংসদে নারী আসন | % | ১৯.৭ | ২০ | ২০ | ২০ | ২০ | সকল মন্ত্রণালয় | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অগ্রগতি প্রতিবেদন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| | প্রশিক্ষিত নারী | সংখ্যা (লক্ষ) | ৮.৮০ | ১০.৮৬ | ১১.৪৯ | ১২.০ | ১২.৬০ | অর্থ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | বার্ষিক প্রতিবেদন |
| মাতৃ ও শিশু মৃত্যুর হার হ্রাস | ৫ বছরের নীচে শিশু মৃত্যুর হার | প্রতি ১০০০ জনে | ৫৩ | ৫০ | ৪৮ | ৪৫ | ৪৩ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অগ্রগতি প্রতিবেদন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| | প্রসবকালীন মাতৃ মৃত্যুর হার | সংখ্যা (প্রতি লক্ষে) | ২১০ | ১৪৩ | ১৩০ | ১১০ | ১০০ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অগ্রগতি প্রতিবেদন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| | নবজাতকের মৃত্যুর হার | প্রতি ১০০০ জনে | ৪৩ | ৩৮ | ৩৫ | ৩২ | ৩০ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয় | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অগ্রগতি প্রতিবেদন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| গড় আয়ু বৃদ্ধি | গড় আয়ু (মহিলা) | % | ৭১.৫ | ৭২ | ৭২.৫ | ৭২.৭ | ৭৩ | অর্থ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,খাদ্য মন্ত্রণালয় | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] নারী ও শিশুর সামাজিক নিরাপত্তা জোরদারকরণ; | ৩৫ | [১.১] দুঃস্থ নারীদের খাদ্য সহায়তা (ভিজিডি) প্রদান | [১.১.১] ভিজিডি উপকারভোগী | সংখ্যা (লক্ষ) | ১৫.০০ | ৭.৫ | ৭.৫ | ১০ | ৯.৯০ | ৯.৮০ | ৯.৭০ | ৯.৬০ | ১০ | ১০ |
| | | [১.২] দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান | [১.২.১] মাতৃত্বকালীন ভাতা উপকারভোগী | সংখ্যা (লক্ষ) | ৬.০০ | ২.২০ | ২.২০ | ৫ | ৪.৯৫ | ৪.৯০ | ৪.৮৫ | ৪.৮০ | ৫ | ৫ |
| | | [১.৩] শহরাঞ্চলে কর্মজীবী মহিলাদের ল্যাকটেটিং ভাতা প্রদান | [১.৩.১] ল্যাকটেটিং ভাতা উপকারভোগী | সংখ্যা (লক্ষ) | ৬.০০ | ১.০ | ১.২০ | ১.৮০৩ | ১.৭৫ | ১.৭০ | ১.৬৫ | ১.৬০ | ১.৮০৩ | ১.৮০৩ |
| | | [১.৪] নির্যাতিত দুঃস্থ মহিলা ও শিশুদের আর্থিক সহায়তা প্রদান | [১.৪.১] আর্থিক সহায়তা প্রাপ্ত উপকারভোগী | সংখ্যা | ৩.০০ | ১৫০০ | ১৫০০ | ১৫০০ | ১৪০০ | ১৩০০ | ১২০০ | ১১০০ | ১৬০০ | ১৭০০ |
| | | [১.৫] মাতৃত্বকালীন উপকারভোগীর ডাটাবেজ তৈরী | [১.৫.১] মা উপকারভোগী | সংখ্যা। | ৫.০০ | ০ | ৫০০০ | ৬৪০৬ | ৬৩০০ | ৬২০০ | ৬১০০ | ৬০০০ | ৬৭০০ | ৭০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] নারী ও শিশুর সুরক্ষা, নির্যাতন প্রতিরোধ ও অধিকার প্রতিষ্ঠা; | ২০ | [২.১] নারী নির্যাতন প্রতিরোধে ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার ও সেলের মাধ্যমে সেবা প্রদান | [২.১.১] নির্যাতিত নারী ও শিশু উপকারভোগী | সংখ্যা | ১০.০০ | ৮৫৫২ | ৯৭০০ | ১০৫০০ | ১০৪০০ | ১০৩০০ | ১০২০০ | ১০১০০ | ১১০০০ | ১২০০০ |
| | | [২.২] নির্যাতিত নারী ও শিশুকে মনোসামাজিক কাউন্সেলিং প্রদান | [২.২.১] মনোসামাজিক কাউন্সেলিং প্রাপ্ত উপকারভোগী | সংখ্যা | ৫.০০ | ১৪৮ | ২০০ | ২০০০ | ১৯০০ | ১৮৫০ | ১৮০০ | ১৭৫০ | ২২০০ | ২৫০০ |
| | | [২.৩] বাল্যবিবাহ প্রতিরোধ | [২.৩.১] বাল্যবিবাহের হার | % | ৫.০০ | ৬২.৮ | ৬২ | ৬২ | ৬১.৯০ | ৬১.৮৫ | ৬১.৮০ | ৬১.৭০ | ৬১ | ৬০ |
| [৩] নারীর ক্ষমতায়ন ও শিশুর বিকাশ এবং | ২০ | [৩.১] নারীর ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণার্থী | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১০.৮৬ | ১১.৪৯ | ১১.৪৯ | ১১.২০ | ১১.০০ | ১০.৮০ | ১০.৫০ | ১২.০০ | ১২.৬০ |
| | | [৩.২] কর্মজীবী মহিলাদের শিশুদের দিবাযত্ন সেবা প্রদান | [৩.২.১] দিবাযত্ন সেবা উপকারভোগী | সংখ্যা | ৩.০০ | ২২০০ | ২২০০ | ৩০৫৩ | ৩০০০ | ২৯০০ | ২৮০০ | ২৭০০ | ৩৫০০ | ৪০০০ |
| | | [৩.৩] কর্মজীবী মহিলাদের হোস্টেল সুবিধা প্রদান | [৩.৩.১] কর্মজীবী নারী উপকারভোগী | সংখ্যা | ৩.০০ | ১৬০০ | ১৭০০ | ২৩৮৪ | ২৩০০ | ২২৫০ | ২২০০ | ২১৫০ | ৩০০০ | ৪০০০ |
| | | [৩.৪] শিশু বিকাশ কেন্দ্র পরিচালনা | [৩.৪.১] সুবিধাবঞ্চিত শিশু উপকারভোগী | সংখ্যা | ৩.০০ | ৬০০ | ৬০০ | ৭৪০ | ৭৩০ | ৭২০ | ৭০০ | ৬৮০ | ৭৫০ | ৭৬০ |
| | | [৩.৫] শিশুর মনন, মেধা ও সাংস্কৃতিক বিকাশ | [৩.৫.১] মেধা ও সাংস্কৃতিক বিকাশ উপকারভোগী | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ২.১৫ | ২.২০ | ২.৫০ | ২.৪০ | ২.৩০ | ২.২০ | | ২.৬০ | ২.৭৫ |
| | | [৩.৬] কিশোর কিশোরী ক্লাব পরিচালনা | [৩.৬.১] প্রতিষ্ঠিত ক্লাব | সংখ্যা | ৩.০০ | ৩৭৯ | ৪০০ | ৫২৯ | ৫২৫ | ৫২০ | ৫১৫ | ৫১০ | ৬৩৮ | ৬৩৮ |
| | | [৩.৭] শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা প্রদান | [৩.৭.১] উপকারভোগী শিশু | সংখ্যা | ২.০০ | ৪২০০ | ৪২০০ | ৪২০০ | ৪০০০ | ৩৭০০ | ৩৫০০ | ৩৩০০ | ৪২০০ | ৪২০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন। | ৫ | [৪.১] নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষিত নারী উদ্যোক্তা | সংখ্যা | ২.০০ | ১৬০০০ | ১৭৫০০ | ২৩৫০০ | ২৩৪০০ | ২৩৩০০ | ২৩২০০ | ২৩১০০ | ২৫০০০ | ২৬০০০ |
| | | [৪.২] নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ সুবিধা প্রদান | [৪.২.১] নারী উদ্যোক্তা সুবিধাভোগী | সংখ্যা | ২.০০ | ১২০৪৮ | ১৩০০০ | ১৪০০০ | ১৩৭০০ | ১৩৫০০ | ১৩৩০০ | ১৩০০০ | ১৫০০০ | ১৬০০০ |
| | | [৪.৩] দেশে/বিদেশে নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রদর্শনী আয়োজন | [৪.৩.১] মেলায় অংশগ্রহণকারী নারী উদ্যোক্তা | সংখ্যা | ১.০০ | ২০০ | ২২০ | ২৫০ | ২৪৫ | ২৩৫ | ২৩০ | ২২০ | ৩০০ | ৩৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ৪.৮.২০১৬<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০৪.০৮.২০১৬<br>তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ইইসিআর | এনাবলিং এনভারনমেন্ট ফর চাইল্ড রাইটস |
| ২ | ভিজিডি | ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] দুঃস্থ নারীদের খাদ্য সহায়তা (ভিজিডি) প্রদান | [১.১.১] ভিজিডি উপকারভোগী | দেশের দারিদ্র্য পীড়িত এবং দু:স্থ গ্রামীণ মহিলাদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে বিদ্যমান খাদ্য নিরাপত্তাহীনতা, পুষ্টিহীনতা ও অর্থনৈতিক নিরাপত্তাহীনতা এবং সামাজিক মর্যাদার অবস্থানকে সফলভাবে অতিক্রম করার জন্য ভিজিডি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা প্রশাসন ,উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মনিটরিং রিপোর্ট এবং খাদ্য অধিদপ্তরের রিপোর্ট | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মনিটরিং রিপোর্ট এবং খাদ্য অধিদপ্তরের রিপোর্ট |
| [১.২] দরিদ্র ও গর্ভবতী মায়েদের মাতৃত্বকালীন ভাতা প্রদান | [১.২.১] মাতৃত্বকালীন ভাতা উপকারভোগী | পল্লী অঞ্চলের দরিদ্র গর্ভবতী মা ও গর্ভস্থ সন্তানের পুষ্টি চাহিদা পূরণে আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা প্রশাসন ,উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মনিটরিং রিপোর্ট | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মনিটরিং রিপোর্ট |
| [১.৩] শহরাঞ্চলে কর্মজীবী মহিলাদের ল্যাকটেটিং ভাতা প্রদান | [১.৩.১] ল্যাকটেটিং ভাতা উপকারভোগী | শহর অঞ্চলের কর্মজীবী দরিদ্র গর্ভবতী মা ও গর্ভস্থ সন্তানের পুষ্টি চাহিদা পূরণে আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা প্রশাসন ,উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মনিটরিং রিপোর্ট | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, মনিটরিং রিপোর্ট |
| [১.৪] নির্যাতিত দুঃস্থ মহিলা ও শিশুদের আর্থিক সহায়তা প্রদান | [১.৪.১] আর্থিক সহায়তা প্রাপ্ত উপকারভোগী | নির্যাতিত দুঃস্থ অসহায় মহিলাদের চিকিৎসা, আইনি সহায়তা ও স্বকর্মসংস্থানমূলক কাজের জন্য এককালীন আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা প্রশাসন ,উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] মাতৃত্বকালীন উপকারভোগীর ডাটাবেজ তৈরী | [১.৫.১] মা উপকারভোগী | পল্লী অঞ্চলের দরিদ্র গর্ভবতী মা ও গর্ভস্থ সন্তানের পুষ্টি চাহিদা পূরণে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ডাটাবেজ তৈরী | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা প্রশাসন,উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] নারী নির্যাতন প্রতিরোধে ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার ও সেলের মাধ্যমে সেবা প্রদান | [২.১.১] নির্যাতিত নারী ও শিশু উপকারভোগী | ৪০ টি জেলা সদর হাসপাতাল ও ২০ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মোট ৬০ টি ওয়ান ষ্টপ ক্রাইসিস সেল (ওসিসি) এবং ওয়ান ষ্টপ ক্রাইসিস সেন্টার (ওসিসি) এর মাধ্যমে নির্যাতনের শিকার নারী ও শিশুদের সেবা প্রদান করা হয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ শিশু একাডেমী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] নির্যাতিত নারী ও শিশুকে মনোসামাজিক কাউন্সেলিং প্রদান | [২.২.১] মনোসামাজিক কাউন্সেলিং প্রাপ্ত উপকারভোগী | ন্যাশনাল ট্রমা ও কাউন্সিলিং সেন্টারের মাধ্যমে নির্যাতনের শিকার নারী ও শিশুদের মনোসামাজিক কাউন্সেলিং ও সেবা প্রদান করা হয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ শিশু একাডেমী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] বাল্যবিবাহ প্রতিরোধ | [২.৩.১] বাল্যবিবাহের হার | ১৮ বছরের নীচে মেয়েদের এবং ২১ বছরের নীচে ছেলেদের বাল্যবিবাহ প্রতিরোধ কার্যক্রম | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] নারীর ক্ষমতায়নে প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণার্থী | নারীর আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে আয়বর্ধক ও উদ্যোক্তা উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয় | মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] কর্মজীবী মহিলাদের শিশুদের দিবাযত্ন সেবা প্রদান | [৩.২.১] দিবাযত্ন সেবা উপকারভোগী | নিম্ন মধ্যবিত্ত ও মধ্যবিত্ত কর্মজীবী মায়েদের শিশুদের ( ৬ মাস থেকে ৬ বছর পর্যন্ত) নিরাপদে রেখে কর্মস্থলে নিশ্চিন্তে কাজ করার সুবিধার্থে ডে-কেয়ার সেন্টারসমূহ হতে সকাল ৮.৩০ হতে বিকাল ৫.৩০ পর্যন্ত নিরাপদ দিবাযত্ন সেবা প্রদান করা হয় | মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা,বাংলাদেশ শিশু একাডেমী | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] কর্মজীবী মহিলাদের হোস্টেল সুবিধা প্রদান | [৩.৩.১] কর্মজীবী নারী উপকারভোগী | মহিলাদের অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্তকরণের লক্ষ্যে স্বল্প মূল্যে কর্মজীবী মহিলাদের নিরাপত্তা ও আবাসন সুবিধা প্রদানের নিমিত্তে ৮টি কর্মজীবী মহিলা হোস্টেল পরিচালিত হচ্ছে | মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] শিশু বিকাশ কেন্দ্র পরিচালনা | [৩.৪.১] সুবিধাবঞ্চিত শিশু উপকারভোগী | ৬ টি শিশু বিকাশ কেন্দ্রের মাধ্যমে দুঃস্থ ,এতিম ও অসহায় পথশিশুদের আশ্রয়, খাদ্য, বস্ত্র ও শিক্ষা উপকরণ ইত্যাদির মাধ্যমে মানসিক বিকাশ সাধনের সুযোগ সৃষ্টি করা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৫] শিশুর মনন, মেধা ও সাংস্কৃতিক বিকাশ | [৩.৫.১] মেধা ও সাংস্কৃতিক বিকাশ উপকারভোগী | শিশুর মনন, মেধা ও সাংস্কৃতিক বিকাশের লক্ষ্যে শিশু উন্নয়ন কর্মসূচীর আওতায় ৬৪ টি জেলা অফিস ও ৬ টি উপজেলা অফিসের মাধ্যমে প্রতিবছর ৩৫ টি কার্যক্রম বাস্তবায়িত হয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিশু একাডেমী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৬] কিশোর কিশোরী ক্লাব পরিচালনা | [৩.৬.১] প্রতিষ্ঠিত ক্লাব | ৭ টি বিভাগের ৭ টি জেলার সবকটি উপজেলায় ৩৭৯ টি ইউনিয়নে ৫২৯ টি ক্লাব প্রতিষ্ঠা করা হয়েছে | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৭] শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা প্রদান | [৩.৭.১] উপকারভোগী শিশু | শিশুর বিকাশ সাধনের লক্ষে প্রারম্ভিক শিক্ষা প্রদান করা হয় | মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা এবং জয়িতা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষিত নারী উদ্যোক্তা | আত্ম কর্মসংস্থান সৃষ্টিতে নারীদেরকে বিভিন্ন ক্যাটাগরিতে প্রশিক্ষণ প্রদান করা হয় | মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা এবং জয়িতা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ সুবিধা প্রদান | [৪.২.১] নারী উদ্যোক্তা সুবিধাভোগী | তৃণমূল পর্যায়ে নারীদের উৎপাদিত বিভিন্ন পণ্যের বাজারজাতকরণে সহায়তা প্রদান করা হয় | মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা এবং জয়িতা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৩] দেশে/বিদেশে নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রদর্শনী আয়োজন | [৪.৩.১] মেলায় অংশগ্রহণকারী নারী উদ্যোক্তা | দেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্য মেলাসহ দেশে ও বিদেশে বিভিন্ন মেলায় নারীদের উৎপাদিত পণ্যসামগ্রী বিক্রয়ের সুযোগ প্রদান করা হয় | মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা এবং জয়িতা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | খাদ্য মন্ত্রণালয় | ভিজিডি উপকারভোগী | ১০ লক্ষ দুঃস্থ পরিবারকে খাদ্য সহায়তা প্রদান | খাদ্য শস্যের সরবরাহ নিশ্চিতকরণ | দুঃস্থ পরিবারে খাদ্যাভাব দেখা দিবে |
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | ভিজিডি উপকারভোগী,মাতৃত্বকালীন ভাতা উপকারভোগী,ল্যাকটেটিং ভাতা উপকারভোগী | জেলা ও উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে উপকারভোগী বাছাই এবং নারী নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান | দুঃস্থ নারী ও শিশুদের বিভিন্ন সহায়তা প্রদান নিশ্চিতকরণ | উপকারভোগী বাছাই এবং খাদ্য ও অর্থ বিতরণ ব্যাহত হবে |